গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-দিনাজপুর
কাজী টাওয়ার, ঈদগাহ আ/এ, সদর, দিনাজপুর
www.taxeszonedinajpur.gov.bd

নথি নং-০৮.০১.২৭০০.৫৪২.০০১.২৬.০০১১.২০২৬.১০৭২

তারিখ: ২০ কার্তিক, ১৪৩৩ / ০৫ নভেম্বর, ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, কর-১ শাখা এর স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০০০.০৩৭.১১.০০০১.২৪.২০০, তারিখ: ২১ মে ২০২৬ খ্রিস্টাব্দ এবং অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, কর-১ শাখা এর স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০০০.০৩৭.১১.০০০১.২৪.৩৫৫, তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে কর কমিশনার, কর অঞ্চল-দিনাজপুর এর অধীনে গ্রেড-১৩ হতে গ্রেড-২০ পর্যন্ত নিম্নোক্ত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে কর অঞ্চল-দিনাজপুর এর অধিক্ষেত্রাধীন দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত পদসমূহের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের শর্তসাপেক্ষে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর (https://taxdin.teletalk.com.bd)/ ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

ক্রমিক	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
১	ব্যক্তিগত সহকারী গ্রেড-১৩ (২৪,০০০-৫৮,০০০/-)	৫(পাঁচ) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। (গ)) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজিতে ৮০ শব্দ ও বাংলায় ৫০ শব্দ; এবং (ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ।
২	প্রধান সহকারী গ্রেড-১৩ (২৪,০০০-৫৮,০০০/-)	২(দুই) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে-কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; (খ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ।
৩	উচ্চমান সহকারী গ্রেড-১৪ (২৩,৫০০-৫৬,৮০০/-)	৬(ছয়) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে-কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ।
৪	সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর গ্রেড-১৪ (২৩,৫০০-৫৬,৮০০/-)	৮(আট) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে-কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; এবং (গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজিতে ৭০ শব্দ ও বাংলায় ৪৫ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ।
৫	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ (২১,৯০০-৫২,৯০০/-)	৩(তিন) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন, ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে এবং

bekarsfeed.com

ক্রমিক	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
			(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ।
৬	অফিস সহায়ক গ্রেড-২০ (২০,০০০-৪৮,৪০০/-)	৩(তিন) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

১। সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই আবেদনকারীর বয়স ০১ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠারো) এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। (এক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে)

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৩। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে বিজ্ঞপ্তির ক্রমিক নং-(১) এ বর্ণিত ব্যক্তিগত সহকারী, ক্রমিক নং-২ এ বর্ণিত প্রধান সহকারী, ক্রমিক নং-৩ এ বর্ণিত উচ্চমান সহকারী, ক্রমিক নং-৪ এ বর্ণিত সাঁটমুদ্রাক্ষরিক কাম- কম্পিউটার অপারেটর ও ক্রমিক নং -৫ এ বর্ণিত অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক পরীক্ষার জন্য বিবেচিত হবে এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবে। এছাড়া ক্রমিক নং-৬ এ বর্ণিত অফিস সহায়ক পদের শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষা প্রদানের জন্য যোগ্য বিবেচিত হবে।

৪। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হয় কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারী আদালত কর্তৃক দণ্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৫। প্রার্থী কোনো কোটায় আবেদন করলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। সর্বশেষ সরকারী নীতিমালা অনুযায়ী কোটা অনুসরণ করা হবে। সরকার কোটার বিষয়ে যেরুপ সিদ্ধান্ত গ্রহণ করবেন নিয়োগ প্রক্রিয়া তা অনুসারে সম্পন্ন হবে।

৬। প্রার্থীর যোগ্যতা যাচাই: প্রার্থীর যোগ্যতা যাচাইয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে অসামঞ্জস্যতা পাওয়া গেলে বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থীতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যেকোনো সময় বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৭। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ক থেকে ঝ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার (নাম ও পদবী উল্লেখসহ) দ্বারা সত্যায়িত প্রতিটির ০১ টি করে ফটোকপি ও সদ্য তোলা (অনধিক ২ মাস) ০৩ (তিন) কপি রঙিন ছবি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্যক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্র সহ);
(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
(গ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;
(ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;
(ঙ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার সন্তান হলে মুক্তিযোদ্ধার সনদপত্র যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে;
(চ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;
(ছ) জাতীয় পরিচয়পত্র ও জন্মনিবন্ধন সনদের মূলকপি; এবং
(জ) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (Applicant's Copy) এবং প্রবেশপত্র (Admit Card) এর রঙিন প্রিন্ট কপি।
(ঝ) সকল চাকুরীরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৮। পরীক্ষা ও যোগদান সম্পর্কিত বিষয়াদি নিম্নবর্ণিতরুপে নির্ধারিত হবে, যথা:

(ক) লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে), মৌখিক পরীক্ষা ও যোগদানের সময়সূচী নির্ধারিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে এবং তা কর অঞ্চল-দিনাজপুর এর নোটিশ বোর্ড এবং www.taxeszonedinajpur.gov.bd ওয়েবসাইটে ও প্রার্থীদের ব্যক্তিগত মুঠোফোনে এসএমএস (SMS) এর মাধ্যমে জানানো হবে।

bekarsfeed.com

(খ) এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল পদ পূরণে 'কর বিভাগ (১০ম গ্রেড হইতে ২০তম গ্রেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৫' অনুসরণ করা হবে।

(গ) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ দাখিল করতে হবে এবং তাদের পূর্ব কার্যকলাপ যথাযথ এজেন্সির মাধ্যমে যাচাই করা হবে।

৯। পদসংখ্যা হ্রাস ও বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১০। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। বিভিন্ন পদের লিখিত পরীক্ষা একই সময়ে অনুষ্ঠিত হতে পারে। তাই প্রার্থীদের একাধিক পদে আবেদন করার ক্ষেত্রে নিরুৎসাহিত করা হলো।

১৩। উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধিবিধান প্রযোজ্য হবে।

১৪। প্রার্থীর পক্ষে যেকোনো প্রকারের তদবির প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে এবং তিনি নিয়োগযোগ্য বিবেচিত হবেন না।

১৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণকে https://taxdin.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) **Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৫ নভেম্বর, ২০২৬ পূর্বাহ্ন ১০:০০ ঘটিকা।**

(ii) **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৬ ডিসেম্বর, ২০২৬ অপরাহ্ন ০৫:০০ ঘটিকা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে টেলিটকের মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন করা যাবে না বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২ (দুই) টি SMS করে ১ থেকে ৫ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা এবং ৬ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে অনগ্রসর প্রার্থীদের (শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃগোষ্ঠী ও তৃতীয় লিঙ্গ) ক্ষেত্রে সকল পদে আবেদন ফি হতে ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

SMS নিয়মাবলী: প্রথম SMS: **TAXDIN**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **TAXDIN ABCDEF** & send to 16222 Reply: Applicant's Name, TK-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type **TAXDIN** <Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **TAXDIN** <space>**Yes**<space> **PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **TAXDIN Yes 12345678** & send to 16222

Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for **TAXDIN** Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://taxdin.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম, ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

bekarsfeed.com

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **TAXDIN** <space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: **TAXDIN** Help User ABCDEF & Send to 16222.

(ii) PIN No. জানা থাকলে TAXDIN<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.

Example: **TAXDIN** Help PIN 12345678 & send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কর অঞ্চল-দিনাজপুর এর ওয়েবসাইট www.taxeszonedinajpur.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.taxeszonedinajpur.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: **TAXDIN**, Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৬। আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা দান করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

৫/১১/২০২৬

(মোহাম্মদ কামরুল হক)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-দিনাজপুর।

bekarsfeed.com